# হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ মুতাওয়াতির হাদিস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

মুতাওয়াতির হাদিসের হুকুম

মুতাওয়াতির শাব্দিক হোক বা অর্থের দিক থেকে হোক, তার উপর আমল করা ওয়াজিব। মুতাওয়াতির হাদিস রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের পক্ষ থেকে অকাট্যভাবে বিশ্বাস করা জরুরি। কুরআন অস্বীকার করা যেমন কুফরি, তেমনি যে মুতাওয়াতির হাদিস ও তার হুকুম জানে, তার পক্ষে মুতাওয়াতির হাদিস অস্বীকার করা কুফরি। কারণ, মুতাওয়াতির হাদিস নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে নিশ্চিতভাবে প্রমাণিত, অতএব যে মুতাওয়াতির প্রত্যাখ্যান করল, সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের উপর তার কথাকে নিক্ষেপ করল, অতএব তার কর্ম কুফরি। তবে যে ভুল ব্যাখ্যা করে, অথবা ভুল বুঝে অথবা মুতাওয়াতির হাদিস ও তার হুকুম সম্পর্কে জানে না, তার বিষয়টি ভিন্ন। সে কাফের হবে না, তবে তাকে বুঝানো ও সত্যের দিকে আহ্বান করা জরুরি।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=8428

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন